

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আইসিটি সেল

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সকল অনুদান প্রদান কার্যক্রম অনলাইনে সম্পন্নকরন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	খলিল আহমদ সচিব
সভার তারিখ	০৫ ডিসেম্বর ২০২৩
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা।
স্থান	মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্তি-১ এ সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। প্রথমেই সভাপতি অনুদান প্রদান কার্যক্রম অনলাইনে সম্পন্নকরণের বিষয়ে গুরুত্ব তুলে ধরেন। তিনি উল্লেখ করেন অনুদান প্রদান কার্যক্রম সঠিকভাবে যাচাইয়ের জন্য অনলাইনে অনুদান প্রদান কার্যক্রম সম্পন্নকরণের বিকল্প নেই এবং অনলাইন সিস্টেমটি ইউজার ফ্রেন্ডলি, খুব সাধারণ হতে হবে যাতে মানুষ সহজেই অনলাইনে আবেদন করতে পারেন। তিনি বিদ্যমান অনুদান ফরমে কিছু বাস্তবিক পরিবর্তন আনার নির্দেশ প্রদান করেছেন। সভায় উপস্থিত সকলেই সভাপতির সাথে সহমত প্রকাশ করেন। সভাপতি Soft BD Ltd থেকে যারা উপস্থিত ছিলেন তাদের কে সফটওয়্যার পাট দেখানোর জন্য অনুরোধ করেন। জনাব মাহমুদুল হাসান রামিম, Soft BD Ltd অনুদান প্রদান কার্যক্রমটির সফটওয়্যার পাট দেখান এবং জনাব আহমেদ রুমিন রহমান সফটওয়্যারটির কার্যক্রম বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:আলোচ্য সূচি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুদান সফটওয়্যার চালুকরন	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে অনুদান সফটওয়্যারে চারটি মডিউল যথা গবেষণা অনুদান, সাংস্কৃতিক প্রতিষ্ঠান অনুদান, অস্বচ্ছল সংস্কৃতিসেবী অনুদান, বেসরকারি গ্রন্থাগার অনুদান ও মাধ্যমিক স্কুল অনুদান প্রদান শিক্ষকদের সম্মানী প্রদানের জন্য পর্যায়ক্রমে আরো একটি মডিউল পর্যায়ক্রমে যুক্ত করতে হবে।	অনুষ্ঠান শাখা, /প্রশাসন-১/ বাজেট/আইসিটি
০২ সফটওয়্যারে QR Code সেবা চালুকরন	শিল্পীদেরকে বাংলাদেশ শিল্পকলা একাডেমির যে কোন শাখা থেকে প্রত্যয়নপত্র নিতে হবে। প্রত্যয়নপত্রটি যাচাইয়ের জন্য QR Code Based হতে হবে। যেসব গ্রন্থাগারসমূহ কে অনুদান দেওয়া হবে সেইসব গ্রন্থাগারসমূহ জাতীয় গ্রন্থকেন্দ্র কর্তৃক অনুমোদিত কিনা তা যাচাই করার জন্য QR Code Based সিস্টেম থাকতে হবে।	বাংলাদেশ শিল্পকলা একাডেমি/শাখা-৪/জাতীয় গ্রন্থকেন্দ্র
০৩ বিগত বছরসমূহের প্রমাণক দাখিল করন	সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিগত অর্থবছরে অনুষ্ঠান করেছে তার সচিত্র প্রমাণক আবেদনের সাথে দাখিল করতে হবে।	অধিশাখা ৭ ও শাখা-৪
০৪ গুরুত্বপূর্ণ সকল সেবার সাথে ইন্টিগ্রেশন সম্পন্নকরন	অনুদান সফটওয়্যার পরিষেবার ক্ষেত্রে এনআইডি ভেরিফিকেশন,আইবাস/ মোবাইল ব্যাংকিং সিস্টেমে এর সাথে ইন্টিগ্রেশন করতে হবে।	প্রশাসন-১ শাখা

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



খলিল আহমদ
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ২) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব , শাখা-৬ , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, শাখা-৪ , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৫) উপসচিব , অনুষ্ঠান শাখা , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৬) উপসচিব, অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৭) উপসচিব , পরিকল্পনা শাখা-১, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৮) উপসচিব , শাখা-৪ , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ৯) প্রশাসনিক কর্মকর্তা, শাখা-৪ , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১০) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১১) সিস্টেম এনালিস্ট , আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১২) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা , অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর , সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১৪) প্রশাসনিক কর্মকর্তা , অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
- ১৫) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি সেল, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়



রতন চন্দ্র পাল
প্রোগ্রামার